

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা।

www.fisheries.muradnagar.cumilla.gov.bd

স্মারক নংঃ ৩৩.০২.১৯৮১.৫০১.০১.০০০.২৫.৬০

তারিখঃ ১০/০৩/২০২৬ খ্রিঃ

নোটিশ

এতদ্বারা মুরাদনগর উপজেলাধীন সকল মৎস্যচাষী/ মৎস্য ব্যবসায়ী ও জনসাধারণকে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ এর ০২-০৬-২০২৪ তারিখের ০০.০১.০০০০.১০১.০৪.০০৩.২৩.২০.৩৮৫ নং পত্র অনুযায়ী দুর্নীতির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মৎস্যচাষ ও মৎস্য সংক্রান্ত ব্যবসায় উদ্ধৃতি ও প্রত্যয়নপত্র দাখিলের প্রবনতা লক্ষ্য করা যায়। এবং এ সংক্রান্ত হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্য প্রায়শই তারা জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তাদের মাছচাষের প্রত্যয়ন পত্র আয়কর রিটার্ন ও দুদক কার্যালয়ে দাখিল করে থাকেন, যা অধিকাংশ ক্ষেত্রে ভুয়া ও অসম্পূর্ণ।

মাছ চাষ একটি সম্মানজনক পেশা ও দেশের আমিষের চাহিদা পূরণ, বৈদেশিক মুদ্রা অর্জন ও বেকারত্ব নিরশনে এই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এমতাবস্থায়, প্রকৃত মৎস্যজীবীদের স্বার্থ রক্ষার্থে এবং সরকারের মূল্যবান আয়কর আদায়ের স্বার্থে অত্র দপ্তর হতে প্রত্যয়ন পত্র প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্র ও প্রমানাদি প্রদান করতে দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ নির্দেশনা প্রদান করেছেন।

১. পুকুর বা জলাশয়ের মালিকানা দলিলের সত্যায়িত ফটোকপি-০২ কপি
২. রেকর্ড এর সত্যায়িত ফটোকপি-০২ কপি
৩. মৌজা ম্যাপ এর সত্যায়িত ফটোকপি-০২ কপি
৪. লিজ দলিল (লিজ পুকুর/ জলাশয়ের ক্ষেত্রে)-০২ কপি
৫. জমির পরিমান, মৌজার নাম, ও দাগ নম্বর উল্লেখপূর্বক নিজ ঘোষণাপত্র -০২ কপি
৬. লোকাল ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মাছচাষের জমির পরিমাণ উল্লেখপূর্বক প্রত্যয়ন পত্র (অরিজিনাল কপি)
৭. ন্যাশনাল আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি-০১ কপি
৮. স্বাক্ষরসহ প্রত্যয়ন পত্র পাওয়ার জন্য একটি আবেদন পত্র-০১ কপি

১০.০৩.২৬

সুমন লাল দেবনাথ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মুরাদনগর, কুমিল্লা।
মোবাইলঃ ০১৩৩৪৯১১৬৮০

sufomuradnagar@fisheries.gov.bd

স্মারক নংঃ ৩৩.০২.১৯৮১.৫০১.০১.০০০.২৫.৬০.১(৫)

তারিখঃ ১০/০৩/২০২৬ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

১. জেলা মৎস্য কর্মকর্তা, কুমিল্লা
২. উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
৩. গোপনীয় সহকারী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য)
- ৪। সকল, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মুরাদনগর, কুমিল্লা
- ৫। সংশ্লিষ্ট নথি